DEPARTMENT OF MUSIC
MUGBERIA GANGADHAR MAHAVIDYALAYA
4th semester . CC8 THEORY

Part of prof P.Katham.

DETAILED THEORETICAL KNOWLEDGE OF THE FOLLOWING RAGAS & COMPARATIVE STUDY OF SIMILAR RAGAS.

RAAG TODI, MARWA,PURIYADHANESHRI,CHAAYANAT,JAYJAYANTI,DARBARI KANHARA,MIYA-KI-MALHAR,GURJARI TODI AND GOUD MALHA.

আড়ানা-দরবারী কানাড়া

সমতা

১। দুইটি রাগই আসাবরী ঠাটের অন্তর্গত। ২। দুইটি রাগেই গ, ধ, নি। স্বরগুলি কোমল। ৩। দুইটি রাগেরই সমবাদী স্বর 'প। ৪। দুইটি রাগই মধ্য রাত্রিতে গীত হয়। ৫। দুইটি রাগেই গ এবং ধ স্বর দুইটি বকুভাবে প্রয়োগ হইয়া থাকে। ৬। দুইটি রাগেরই অবরোহ একপ্রকার এবং অবরোহ গতিতে ধৈবত বর্জিত হওয়ায় অবরোহ ষাড়ব জাতীয়। ৭। দুইটি রাগেরই জাতি সম্বন্ধে মতভেদ আছে। ৮। দুইটি রাগই কানাড়া অঙ্গে গীত হয় এবং অষ্টাদশ কানাড়ার দুইটি প্রকার। ৯। ক্ষেত্রবিশেষে উভয় রাগের চলনে সাদৃশ্য পরিলক্ষিত হয়।

বিভিন্নতা

আড়ানা	দরবারী কানাড়া
১। এই রাগের প্রকৃতি চঞ্চল।	১। এই রাগের প্রকৃতি শান্ত ও গম্ভীর।
২। ইহা উত্তরাঙ্গ প্রধান রাগ, বাদী স্বর তার 'সা।	২। ইহা পদ্ধঙ্গি প্রধান রাগ, বাদী অর 'রে।
৩। এই রাগের বিস্তার মধ্য এবং তার সপ্তকেই বেশী হয়।	৩। এই রাগের বিস্তার মন্দ্র ও মধ্য সপ্তকের মধ্যে বেশী হয়।
৪। এই রাগের গাধার এবং ধৈষত দরবারী কানাড়া অপেক্ষা উচু এবং গান্ধার ও ধৈবত দরবারীর মত আন্দোলিত হয় না।	৪। এই রাগের গাধার ও ধৈবত অতি কোমল এবং গান্ধার ও ধৈবত আন্দোলিত হয়।
৫। প্রকৃতি চঞ্চল হওয়ায় ইহাতে মীড় এবং গমকের কাজ দরবারী অপেক্ষা কম।	৫। প্রকৃতি শান্ত ও গম্ভীর হওয়ায় মীড় এবং গমকের কাজ বেশী।
৬। এই রাগের জাতি ষাড়ব-ষাড়ব।	৬। এই রাগের জাতি সম্পর্ণে-ষাড়ব।
৭। এই রাগে দই নিষাদেরই প্রয়োগ হয়।	৭। এই রাগে শুধুমাত্র কোমল নিষাদের প্রয়োগ হয়।
৮। পকড়স, ধ্ব, নি , ধ, নি প	৮। পকড়—গ রে রে, সা, ধ, নি সা,

ম প, গ ম রে সা।

১। ন্যাসর-প, নি ওসা।

রে সা।

১। ন্যাসস্বর-সা, রে ও প।

ছায়ানট—কামোদ

সমতা

১। দুইটি রাগই কল্যাণ ঠাটের অন্তর্গত। ২। দুইটি রাগেই শব্ধ ও তীব্র মধ্যম প্রয়োগ হইয়া থাকে। ৩। দুইটি রাগেরই বাদী ও সাদী যথাক্রমে প ও | রে। ৪। দুইটি রাগই পরিবেশনের সময় রাত্রি প্রথম প্রহর। ৫। দইটি রাগই। মধ্যসপ্তকের প হইতে তার সপ্তকের সা পর্যন্ত সোজা লাগান হইয়া থাকে। ৬। দুইটি রাগেই বিবাদী স্বর হিসাবে কোমল 'নি' প্রয়োগ হইয়া থাকে। ৭। দুইটি রাগের জাতি সম্পণ-সম্পণ। ৮। দুইটি রাগই পঙ্গি প্রধান। ১। দুইটি রাগেই 'গ' ও 'নি' বক্রভাবে প্রয়োগ হইয়া থাকে।
ফা

বিভিন্নতা

ছায়ানট

১। এই রাগের প্রকৃতি শান্ত, গম্ভীর।
২। প, রে স্বরসঙ্গতি মহত্বপণ।
৩। এই রাগে তীব্র মধ্যম কামোদ
| অপেক্ষা তুলনামূলক কম লাগে।
৪। এই রাগে 'নট' রাগের প্রভাব
পরিলক্ষিত হয়।
৫। এই রাগের আরোহ—সা, রে গ ম
প, নি ধ, সা। অবরোহ-সা' নি ধ প, মা প ধা প, গা মা রে সা।
'
৬। পকড়—প, রে, গ ম প, মগ,
গম রে সা।
৭। ন্যাসস্বর-সা, রে, প ও ধ।

কামোদ

১। এই রাগের প্রকৃতি চঞ্চল।
২। রে, প স্বরসঙ্গতি মহত্বপূর্ণ।
৩। এই রাগে তীব্র মধ্যম ছায়ানট অপেক্ষা
তুলনামূলক বেশী লাগে।
৪। এই রাগ তুলনামূলক স্বয়ংসম্পূর্ণ।
৫। এই রাগের আরোহ—সা রে, প, ম' প,ধা,পা,নি,ধ
অবরোহ—সা, নি ধ প ম' প ধ প,
গা মা পা, গা মা র্ সা।
৬। পকড়—রে, প, ম প, ধ প, গ ম প, | ম রে সা |
৭। ন্যাসস্বর—সা, রে ও প!

বাহার—মিঞামলহার

সমতা

১। দুইটি রাগই কাফী ঠাটের অন্তর্গত। ২। দুইটি রাগেই গ কোমল ও উভয় প্রকার নি ব্যবহৃত হয়। ৩। দুইটি রাগই ঋতুকালীন রাগ। ৪। দুইটি রাগই পরিবেশনের সময় মধ্যরাত্রি। ৫। দুইটি রাগেই অবরোহে ধ স্বরটি বর্জিত। ৬। দুইটি রাগেরই অবরোহ একই প্রকার (ষাড়ব)। ৭। দুইটি রাগেই অবরোহে গ্র স্বরটি বক্র। ৮। দুইটি রাগেই নি ধ নি সা এই স্বরসঙ্গতি হইয়া থাকে। ১। দুইটি রাগেরই বাদী-সমবাদী যথাক্রমে ম ও সা।

বিভিন্নতা

বাহার

১। এই রাগের প্রকৃতি চঞ্চল।
২। এই রাগ উত্তরাঙ্গ প্রধান।
৩। এই রাগের বিস্তার স্থান মধ্য এবং

মিঞামলহার

১। এই রাগের প্রকৃতি শান্ত, গম্ভীর।
২। এই রাগ পদ্ধঙ্গি প্রধান। |
৩। এই রাগের বিস্তার স্থান মন্দ্র এক তার সপ্তক।

| মধ্য সপ্তক।
৪। এই রাগ বসন্ত ঋতুকালীন রাগ।
৫। এই রাগে আরোহে রে স্বরটি বর্জিত।
৬। এই রাগে গ স্বরটি আন্দোলিত হয় না।
৭। এই রাগে নি ধা নি সা স্বর সমপরিমাণে ব্যবহৃত হয় এবং উত্তরাঙ্গে এই স্বরসঙ্গতি হয়ে থাকে।
৮। সাম স্বরসঙ্গতি বেশী হইয়া
৯। এই রাগের জাতি ষাড়ব-ষাড়ব।
১০। এই রাগে ম ও সা সর্বসম্মত বাদী ও সমবাদী।

৪। এই রাগ বষা ঋতুকালীন রাগ।
৫। এই রাগে রে স্বরটি বর্জিত নয় উপরন্তু মুখ্য স্বর বলা যাইতে পারে।
৬। এই রাগে গ স্বরটি মধ্যমকে স্পর্শ করে আন্দোলিত হয় এবং বৈশিষ্ট্যপূর্ণ।
৭। এই রাগে নি ধনি - সা অর্থাৎ শুদ্ধ নি তুলনামূলক ভাবে মন্দ্র সপ্তকে বেশী হয়।
৮। রে প এই স্বরসঙ্গতি বেশী হইয়া থাকে।
৯। এই রাগের জাতি সম্পর্ণ-ষড়ব।
১০। এই রাগে রে ও প, কোন মতে বল। ও সমবাদী এবং ম ও সা বিশেষ গুরুত্বপূর্ণ।

মালগুঞ্জী—জয়জয়ন্তী।

সমতা

১। দুইটি রাগেই উভয় গান্ধার প্রয়োগ হইয়া থাকে এবং প্রকৃতি শান্ত। ২। উভয় রাগেরই পরিবেশনের সময় রাত্রি দ্বিতীয় প্রহর। ৩। উভয় রাগেই আরোহে শুদ্ধ নি ও অবরোহে কোমল নি প্রয়োগ হইয়া থাকে এবং পম্বাঙ্গে পরিবেশিত হয়। ৪। উভয় রাগেই আরোহে শুদ্ধ গাধার এবং অবরোহে কোমল গান্ধার প্রয়োগ হইয়া থাকে। ৫। উভয় রাগই খাবাজ ঠাটের অন্তর্গত কারণ অনেক গুণী মালগঞ্জী রাগকে খাবাজ ঠাটাশ্রিত বলিয়া স্বীকার করিয়া থাকেন। ৬। উভয় রাগেই মধ্যম ও পঞ্চম স্বরটি বৈশিষ্ট্যপণ (ন্যাসস্বর)।

বিভিন্নতা

মালগঞ্জী

১। এই রাগটি বিশেষ প্রচলিত নহে।
২। এই রাগের ঠাট লইয়া মতভেদ আছে। কোন মতে কাফা ভিন্নমতে
৩। এই রাগের বাদী-সাদী যথাক্রমে (মধ্যম ও ষড়জ।
। ৪। এই রাগ পরিবেশনকালে রাগেশ্রী তথা বাগেশ্রী রাগের আংশিক ছায়াপাত ঘটিয়া থাকে।
৫। জাতি-ষাড়ব-সম্পণ।
৬। এই রাগে অবরোহে কোমল গাধার অনিবার্য ও বৈশিষ্ট্যপণ।
৭। আরোহে পঞ্চম বর্জিত ও অবরোহে পঞ্চম দুর্বল।
৮। গ ম গ রে সা। ধ নি সা ম গ রে, গ রে সা স্বরবিন্যাস মহত্বপূর্ণ।

জয়জয়ন্তী

১। এই রাগ বিশেষ প্রচলিত এবং জনপ্রিয়।
২। সর্বসম্মত থাবাজ ঠাট এবং পরমেল প্রবেশক রাগ।
৩। এই রাগের বাদী-সবাদী যথাক্রমে ঋষভ ও পঞ্চম
৪। এই রাগ পরিবেশনকালে দেশ, সুরট তথা থাম্বাজ রাগের আংশিক ছায়াপাত ঘটিয়া থাকে।
৫। জাতি-সম্পর্ণ-সম্পণ।
৬। এই রাগে অবরোহে কোমল গান্ধার প্রযোজ্য হইলেও ক্ষেত্রবিশেষে শখ গান্ধারও প্রয়োগ হইয়া থাকে।
৭। এই রাগে পঞ্চম স্বর প্রবল এবং সমবাদী স্বর।
৮। ধ নি রে। পরে। ধ গ ম রে, গ ম স্বরবিন্যাস মহত্বপণ।

মিঞামল্লার-দরবারী কানাড়া

সমতা

১। উভয় রাগেরই প্রকৃতি শান্ত এবং গম্ভীর। ২। উভয় রাগই মধ্যরাত্রিতে গাওয়া হয়। ৩। উভয় রাগই পদ্ধঙ্গি প্রধান। ৪। উভয় রাগই মিঞা তানসেন কত্তক সষ্ট। ৫। উভয় রাগেরই বিস্তার স্থান মন্দ্র ও মধ্য সপ্তক। ৬। উভয় রাগেই গান্ধার মধ্যম প্রযুক্ত হইয়া আন্দোলিত হয় ও বৈশিষ্ট্যপণ। ৭। উভয় রাগেরই পঞ্চম বিশেষ মহত্বপর্ণ (সাদী)। ৮। উভয় রাগেরই জাতি সম্পণষাড়ব। ৯। উভয় রাগেরই গান্ধর ও নিষাদ স্বর দুইটি কোমল ও মীড়ের প্রাধান্য বেশী।

বিভিন্নতা।

মিঞামল্লার	দরবারী কানাড়া
১। এই রাগ কাফী ঠাটাশ্রিত।	১। এই রাগ আসাবরী ঠাটাশ্রিত।
২। এই রাগে উভয় প্রকার নিষাদ ও শুদ্ধ প্রযুক্ত হইয়া থাকে।	২। এই রাগে ধৈবত ও নিষাদ কোমল ধৈবত ব্যবহৃত হইয়া থাকে।
৩। এই রাগের বাদী-সাম্বাদী লইয়া মতান্তর আছে। যথাক্রমে ও সাম,রে পা ,সা পা।	৩। এই রাগের বাদী-সাদী সর্বসম্মতি ক্রমে রে পা।
। ৪। ইহা ঋতুকালীন রাগ (বর্ষা	। ৪। ইহা ঋতুকালীন রাগ নয়।
৫। গান্ধার ব্যতীত অন্য কোন স্বর আন্দোলিত হয় না।	৫। গান্ধার ও ধৈবত আন্দোলিত হইয়া থাকে।
৬। জাতি লইয়া মতভেদ নাই সম্পূর্ণ-ষাড়ব।	৬। জাতি লইয়া মতভেদ আছে। কোণোমতে সম্পূর্ণ ষাড়ব, কোনমতে সম্পূর্ণ-সম্পূর্ণ।
৭। পকড় –রে ম রে সা নি প ম প, | নি ধ, নি - সা, প, গ ম রে সা।	৭। পকড়—গ রে রে, সা, ধা নি সা, রে - সা।
৮। ন্যাসস্বর—সা, রে, ম ও প।	৮। ন্যাসিস্বর -রে ও প।

গৌড়মল্লার—মিঞামল্লার

সমতা

১। দুইটি রাগই পূরব অঙ্গে গীত হয়। ২। দুইটি রাগেরই বিস্তার মন্দ্র ও মধ্য সপ্তকে হয়। ৩। দুইটি রাগেরই প্রকৃতি শান্ত। ৪। দুইটি রাগই মধ্যরাত্রিতে পরিবেশিত হয়। ৫। দুইটি রাগই মল্লার অঙ্গে গীত হয় এবং বর্ষাঋতুকালীন রাগ। সুতরাং বর্ষাঋতুতে সব সময়েই গীত হইতে পারে। ৬। দুইটি রাগেরই আরো সম্পণ। ৭। দুইটি রাগেই দুই প্রকার নিষাদের ব্যবহার হইয়া থাকে। ৮। দুইটি রাগই কাফী ঠাটের অন্তর্গত।

বিভিন্নতা

গৌড়মল্লার	মিঞামল্লার
১। এই রাগের ঠাট সম্বন্ধে মতান্তর আছে, যেমন থাম্বাজ ও কাফী। উভয়. ঠাটেই এই রাগ গীত হইয়া থাকে।	১। এই রাগের ঠাট সম্বন্ধে কোন মতান্তর নাই, সবসম্মত কাফী ঠাট।
২। জাতি-সম্পর্ণ সম্পর্ক।	২। জাতি—সম্পর্ণে-ষাড়ব।
৩। এই রাগের অবরোহে সব স্বরই প্রয়োগ হইয়া থাকে।	৩। অবরোহে ‘ধ স্বরটি বর্জিত।
৪ এই রাগে সসম্মত বাদী-সাদী যথাক্রমে ম ও সা।	৪। এই রাগে বাদী-সবাদী লইয়া মতভেদ | আছে, যেমন—ম-সা, সাপ, রেপ।
৫। পকড়—রে গরে ম গ রে সা, প ম প ধ সা, ধ প ম।	৫। পকড়-রে ম রে সা, নি্ প ম প, নি ধ, নিসা, প গ ম রে সা।
৬। ন্যাসস্বর—সা, গ ও ম।	৬। ন্যাসস্বর—সা, রে, ম ও প।